# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৯২

৮/ সাওম (রোজা) (كتاب الصوم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যা দিয়ে ইফতার করা মুস্তাহাব।

## باب مَا جَاءَ مَا يُسْتَحَبُّ عَلَيْهِ الإِفْطَارُ

---

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ عَلِيٍّ الْمُقَدَّمِيُّ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ وَجَدَ تَمْرًا فَلْيُفْطِرْ عَلَيْهِ وَمَنْ لاَ فَلْيُفْطِرْ عَلَى مَاءٍ فَإِنَّ الْمَاءَ طَهُورٌ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنَسٍ لاَ نَعْلَمُ أَحَدًا رَوَاهُ عَنْ شُعْبَةَ مِثْلَ هَذَا غَيْرَ سَعِيدِ بْنِ عَامِرٍ وَهُوَ حَدِيثٌ غَيْرُ مَحْفُوظٍ وَلاَ نَعْلَمُ لَهُ أَصْلاً مِنْ حَدِيثِ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ عَنْ أَنَسٍ . وَقَدْ رَوَى أَصْحَابُ شُعْبَةَ هَذَا الْحَدِيثَ عَنْ شُعْبَةَ عَنْ عَاصِمٍ الأَحْوَلِ عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ عَنِ الرَّبَابِ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَهُوَ أَصَحُّ مِنْ حَدِيثِ سَعِيدِ بْنِ عَامِرٍ . وَهَكَذَا رَوَوْا عَنْ شُعْبَةَ عَنْ عَاصِمٍ عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ عَنْ سَلْمَانَ وَلَمْ يَذْكُرْ فِيهِ شُعْبَةُ عَنِ الرَّبَابِ . وَالصَّحِيحُ مَا رَوَاهُ سُفْيَانُ الثَّوْرِيُّ وَابْنُ عُيَيْنَةَ وَغَيْرُ وَاحِدٍ عَنْ عَاصِمٍ الأَحْوَلِ عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ عَنِ الرَّبَابِ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ . وَابْنُ عَوْنٍ يَقُولُ عَنْ أُمِّ الرَّائِحِ بِنْتِ صُلَيْعٍ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ . وَالرَّبَابُ هِيَ أُمُّ الرَّائِحِ .

বাংলা

৬৯২. মুহাম্মাদ ইবনু উমার ইবনু আলী মুকাদ্দামী (রহঃ) ..... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেউ যদি খেজুর পায় তবে সে তা দিয়ে ইফতার করে। আর তা যদি না পায় তবে যেন পানি দিয়ে ইফতার করে। পানি অতি পবিত্র। - ইবনু মাজাহ ১৬৯৯, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৯৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে সালমান ইবনু আমির (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আনাস (রাঃ)

এর এই হাদিসটিকে শু’বা এর সূত্রে সাঈদ ইবনু আমির ছাড়া আর কেই এরূপ রিওয়ায়াত করেছেন বলে আমাদের জানা নাই। এই হাদিসটি মাহফুয (নির্ভরযোগ্য) নয়। আবদুল আযীয ইবনু সুহায়ব -আনাস (রাঃ) সূত্রে বর্ণিত, হাদিস হিসাবে এটির কোন মূল আছে বলে আমরা জানি না। শু’বা এর শাগরিদগণ এই হাদিসটিকে আসিম আহওয়াল, হাফসা বিনত শীরীন, রাবাব, সালমান ইবনু আমির নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। সাঈদ ইবনু আমিরের রিওয়ায়াতের তুলনায় এটি অধিকতর সহীহ। এমনিভাবে তারা শু’বা, আসিম, হাফসা বিনত শীরীন, রাবাব, সালমান ইবনু আমির সনদে ও রিওয়ায়াত করেছেন। শু’বা রাবাব এর উল্লেখ করেননি। আর সহীহ হল যা বর্ণনা করেছেন, সুফিয়ান সাওরী , ইবনু উআয়ায়না প্রমূখ রাবী আসিম আহওয়াল, হাফসা বিনত শীরীন, রাবাব, সালমান ইবনু আমির থেকে। রাবী ইবনু আওন (রাঃ) তাঁর সনদে উম্মু রাইয়েহ বিনত সালমান ইবনু আমির (রাঃ) উল্লেখ করেছেন। রাবাব-ই হলেন উম্মু রাইয়েহ।

## English

Anas bin Malik narrated that :
the Messenger of Allah said: "Whoever has dried dates, then let him break the fast with that, and whoever does not, then let him break the fast with water, for indeed water is purifying."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17881

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন